গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,ভোলা।
(রাজস্ব শাখা)
www.bhola.gov.bd

**ভূ-সম্পত্তি জবরদখল সংক্রান্ত মার্চ'২০১৮ মাসের মাসিক সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক
জেলা প্রশাসক, ভোলা ।
সভার তারিখ ঃ ২৭/০৩/২০১৮ খ্রি.।
সভার সময় ঃ দুপুর- ১২.০০ ঘটিকা।
সভার স্থান ঃ জেলা প্রশাসকের সভাকক্ষ।

**সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট-ক ও খ তে দেখানো হলঃ**

সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে গত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের অংশগুলো এবং বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর সভায় নিম্নোক্ত আলোচ্যসূচি মোতাবেক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**১) আলোচ্য বিষয় ঃ ভূ-সম্পত্তি জবর দখলের বিষয়ে অভিযোগ গ্রহণঃ**
আলোচনা ঃ সভায় জানানো হয় যে, বিবেচ্য মাসে চরফ্যাশন উপজেলায় ০.২০একর, বোরহানউদ্দিন উপজেলায় ০.৫০একর, লালমোহন উপজেলায় ০.৫০একর সরকারি খাস জমি অবৈধ দখল হতে উদ্ধার করা হয়েছে। সভাপতি অবৈধ দখল হতে সরকারি খাস ও অর্পিত সম্পত্তি উদ্ধারের বিষয়ে অধিকতর তৎপর হওয়ার জন্য এবং উদ্ধারের পরিমাণ আরও বৃদ্ধির ব্যাপারে জোর প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য উপজেলা নির্বাহি অফিসার ও সহকারী কমিশনার(ভূমি)গণকে অনুরোধ করেন।

সরকারি নদী, খাল ও পুকুর রক্ষা করার জন্য সভাপতি প্রতিমাসে প্রতিটি উপজেলায় "উপজেলা নদী রক্ষা কমিটির" মাসিক সভা করার জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করেন। বিভিন্ন সরকারি পুকুর, নদী ও খালের জমি যারা অবৈধভাবে দখল করে ব্যবহার করছেন তাদেরকে অগ্রাধিকার ভিত্তিতে উচ্ছেদ করার জন্য এবং সরকারি পুকুর, নদী ও খালের পানিতে ময়লা-আবর্জনা ফেলে যাতে পানি দূষিত করতে না পারে সে বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করা হয়।

সভাপতি বলেন যে, ভূমি সহকারী কর্মকর্তার প্রথম ও প্রধান দায়িত্ব হলো সরকারি খাস জমি রক্ষা করা। কিন্তু এ বিষয়ে তারা উদাসীন থাকেন। দিন দিন সরকারি খাস জমি অবৈধ দখলে চলে যাচ্ছে। তিনি সরকারি খাস জমি রক্ষার বিষয়ে কঠোর পদক্ষেপ গ্রহণ করতে সংশ্লিষ্টদেরকে নির্দেশ প্রদান করেন। এ বিষয়ে ভূমি সহকারী কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করেন। যদি কোন ভূমি সহকারী কর্মকর্তার গাফিলতির কারণে সরকারি সম্পত্তি অবৈধ দখলে চলে যায় তাহলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। অবৈধ দখলকারীদেরকে সরকারি খাসজমি হতে উচ্ছেদের বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ বিষয়ে অধিকতর মনোযোগি হওয়ার জন্য সভাপতি সংশ্লিষ্টদেরকে নির্দেশ প্রদান করেন।

সভাপতি ইতোমধ্যে উদ্ধারকৃত জমি যাতে পুনরায় অবৈধ দখলে না যায় সে বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট অনুরোধ করেন। উদ্ধারকৃত কৃষি খাসজমি বন্দোবস্ত দেয়ার যোগ্য হলে দ্রুত প্রকৃত ভূমিহীন কৃষক পরিবারকে বন্দোবস্ত প্রদানের জন্য/সরকারি দখলে রাখার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করেন।

চলমান দিয়ারা /বিএস জরিপে কোন সরকারি সম্পত্তি প্রজার নামে রেকর্ড করা হলে সাথে সাথে সংশ্লিষ্ট ধারায় আপত্তি দায়ের করতে হবে এবং বিষয়টি এ কার্যালয়কে অবহিত করতে হবে। কোনভাবেই সরকারি সম্পত্তি বেহাত হতে দেয়া যাবেনা। সরকারি সম্পত্তিকে নিজের জমি গণ্য করে রক্ষা করতে হবে।

রেভিনিউ ডেপুটি কালেক্টর, ভোলা বর্তমান বছরে অবৈধ দখলে থাকা সরকারি খাস ও অর্পিত সম্পত্তি উদ্ধারের অগ্রগতির বিবরণ নিম্নরূপভাবে সভায় উপস্থাপন করেন(২০১৭-১৮):

| উপজেলা ভূমি অফিসের নাম | জমির পরিমাণ (একরে) | | | অবৈধ দখলের পরিমাণ (একরে) | | | এ মাসে পুনরুদ্ধারকৃত জমির পরিমাণ(একরে) | | | এ পর্যন্ত উদ্ধারকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | খাস | অর্পিত | পরিত্যক্ত | খাস | অর্পিত | পরিত্যাক্ত | খাস | অর্পিত | পরিত্যাক্ত | |
| ভোলা সদর | ১০৬৪০.০৭ | ৩৩৫.১৫৬৮ | - | ৮.৭৯৩ | | | - | | | |
| দৌলতখান | ২৭৩০৮.১২ | ২০.৬৩ | | ১০.৮৬৯৫ | | | - | | | |
| বোরহানউদ্দিন | ১৮৯৬.৫৮ | ৩০০.০০ | - | ২১৫.২৭ | | | ০.৫০ | | | ৩.৯০ |
| তজুমদ্দিন | ১৩৬৪৭.২৯ | ২৮৮.০১৪৪ | - | - | | | - | | | |
| লালমোহন | ৫৫৭৮.৯০ | ১৩২.৬০ | - | ৮.৪৫৫ | | - | ০.৫০ | | | ৩.৫০ |
| চরফ্যাশন | ৪৬৭৮৭.২০ | ৪১৬.০৭ | - | ৫৯৯.২০ | | - | ০.২০ | | | ১.১৫ |
| মনপুরা | ৫৪৯০.৬৮ | ৬.৪১ | - | | | | - | | | |
| জেলার মোট | ১১১৩৪৮.৮৪ | ১৪৯৮.৮৮১২ | - | ৮৪২.৫৮৭৫ | | - | ১.২০ | | | ৮.৫৫ |

সভাপতি সরকারি অন্যান্য সংস্থার জমি হতে অবৈধ দখল উদ্ধারের বিষয়ে কোন প্রস্তাব পেন্ডিং আছে কিনা জানতে চাইলে সভায় জানানো হয় যে, রাজস্ব শাখায় এ জাতীয় কোন প্রস্তাব পেন্ডিং নেই। সভাপতি ভোলা জেলার অন্যান্য সরকারি সংস্থার জমির অবৈধ দখল উচ্ছেদের প্রয়োজনীয়তা থাকলে বিধি মোতাবেক প্রস্তাব প্রেরণ করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করেন।

সরকারি খাস ও অর্পিত সম্পত্তি হতে অবৈধ দখল উদ্ধারের বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

<u>সিদ্ধান্ত ঃ</u>

১. অবৈধ দখল হতে সরকারি খাস ও অর্পিত সম্পত্তি উদ্ধারের বিষয়ে অধিকতর তৎপর হওয়ার জন্য এবং উদ্ধারের পরিমাণ আরও বৃদ্ধির ব্যাপারে জোর প্রচেষ্টা অব্যাহত রাখতে উপজেলা নির্বাহি অফিসার ও সহকারী কমিশনার(ভূমি)গণকে অনুরোধ করা হয়।

২. সরকারি নদী, খাল ও পুকুর রক্ষা করার জন্য প্রতিমাসে প্রতিটি উপজেলায় "উপজেলা নদী রক্ষা কমিটির" মাসিক সভা করে কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৩.বিভিন্ন সরকারি পুকুর, নদী ও খালের জমি যারা অবৈধভাবে দখল করে ব্যবহার করছেন তাদেরকে অগ্রাধিকার ভিত্তিতে উচ্ছেদ করার জন্য এবং সরকারি পুকুর, নদী ও খালের পানিতে ময়লা-আবর্জনা ফেলে যাতে পানি দূষিত করতে না পারে সে বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৪. সরকারি খাস ও অর্পিত সম্পত্তি অবৈধ দখল রোধকল্পে ভূমি সহকারী কর্মকর্তাদেরকে অধিকতর সচেতন হওয়ার জন্য নির্দেশনা প্রদান করতে হবে।

৫. ইতোমধ্যে উদ্ধারকৃত জমি যাতে পুনরায় অবৈধ দখলে না যায় সে বিষয়টি নিশ্চিত করতে হবে।

৬.উদ্ধারকৃত কৃষি খাসজমি বন্দোবস্ত দেয়ার যোগ্য হলে তা দ্রুত প্রকৃত ভূমিহীন কৃষক পরিবারকে বন্দোবস্ত প্রদান করতে হবে/ সরকারি দখলে রাখার পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৭. যদি কোন ভূমি সহকারী কর্মকর্তার গাফিলতির কারণে সরকারি সম্পত্তি অবৈধ দখলে চলে যায় তাহলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

৮. চলমান দিয়ারা /বিএস জরিপে কোন সরকারি সম্পত্তি প্রজার নামে রেকর্ড করা হলে সাথে সাথে সংশ্লিষ্ট ধারায় আপত্তি দায়ের করতে হবে এবং বিষয়টি এ কার্যালয়কে অবহিত করতে হবে।

৯. ভোলা জেলার অন্যান্য সরকারি সংস্থার জমির অবৈধ দখল উচ্ছেদের বিষয়ে প্রয়োজন অনুসারে জরুরি ভিত্তিতে বিধি মোতাবেক প্রস্তাব প্রেরণ করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়।

**বাস্তবায়নেঃ**

১. উপজেলা নির্বাহি অফিসার(সকল), ভোলা।

২. সহকারী কমিশনার (ভূমি)(সকল), ভোলা।

৩. সহকারী সেটেলমেন্ট অফিসার(সকল), ভোলা।

৪. জেলা পর্যায়ের অন্যান্য কর্মকর্তা, ভোলা।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের আহবান জানিয়ে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০২/০৪/১৮

(মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক)
জেলা প্রশাসক
ভোলা।

স্মারক নং ৩১.১০.০৯০০.০০৬.২৯.০০৪.১৩. ৪৬৬ (২০) তারিখঃ ০২/০৪/২০১৮খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২.চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
৩. কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪. পুলিশ সুপার,ভোলা।
৫. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ভোলা।
৬. প্রধান নির্বাহি কর্মকর্তা, জেলা পরিষদ, ভোলা।
৭. নির্বাহি প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ভোলা।
৮. নির্বাহি প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, ভোলা।
৯.নির্বাহি প্রকৌশলী, এলজিইডি, ভোলা।
১০. নির্বাহি প্রকৌশলী. পওর বিভাগ-১/২, পাউবো, ভোলা।
১১. বিভাগীয় বন কর্মকর্তা, ভোলা।
১২. উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ভোলা।
১৩. উপজেলা নির্বাহি অফিসার, ...............................(সকল), ভোলা।
১৪. .................................................... .................( জেলা পর্যায়ের কর্মকর্তা), ভোলা।
১৫. সহকারী কমিশনার (ভূমি)................................(সকল), ভোলা।
১৬. সহকারী সেটেলমেন্ট অফিসার(সকল), ভোলা।
১৭. বিজ্ঞ সরকারি কৌঁসুলী, ভোলা।
১৮. বিজ্ঞ অতিরিক্ত সরকারি কৌঁসুলি, চরফ্যাশন, ভোলা।

২/৪/১৮

রেভিনিউ ডেপুটি কালেক্টর
ভোলা।

<u>পরিশিষ্ট 'ক'</u>

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. পুলিশ সুপার, ভোলা এর প্রতিনিধি।
২. জনাব মো: আলমগীর কবির, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ভোলা।
৩. নির্বাহি প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ভোলা এর প্রতিনিধি ।
৪. বিভাগীয় বন কর্মকর্তা, ভোলা ।
৫. উপ পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ভোলা এর প্রতিনিধি।
৬. জনাব মো: আবদুল কুদদূস, উপজেলা নির্বাহি অফিসার ও সহকারী কমিঃ (ভূমি), (অ:দা:) বোরহানউদ্দিন।
৭. জনাব মোহাম্মদ মনোয়ার হোসেন, উপজেলা নির্বাহি অফিসার, চরফ্যাশন।
৮. জনাব মো: সামছুল আরিফ, উপজেলা নির্বাহি অফিসার, লালমোহন ।
৯. জনাব মো: রুহুল আমিন, সহকারী কমিশনার (ভূমি), ভোলা সদর।
১০. জনাব আশিষ কুমার, সহকারী কমিশনার (ভূমি), চরফ্যাশন।
১১.জনাব বকুল চন্দ্র কবিরাজ, সহকারী কমিশনার (ভূমি), লালমোহন।
১২. জনাব শামিমা আক্তার জাহান, রেভিনিউ ডেপুটি কালেক্টর, ভোলা।
১৩. জেলা সমবায় অফিসার, ভোলা এর প্রতিনিধি।

**পরিশিষ্ট 'খ'**

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী ঃ

১. জনাব মৃধা মোঃ মোজাহিদুল ইসলাম, উপজেলা নির্বাহি অফিসার , ভোলা সদর ।
২. জনাব মোঃ কামাল হোসেন, উপজেলা নির্বাহি অফিসার ও সহকারী কমিঃ (ভূমি), (অঃদাঃ) দৌলতখান।
৩. জনাব জালাল উদ্দীন, উপজেলা নির্বাহি অফিসার ও সহকারী কমিঃ (ভূমি), (অঃদাঃ) তজুমদ্দিন ।
৪. উপজেলা নির্বাহি অফিসার, মনপুরা ।
৫. নির্বাহি প্রকৌশলী, এলজিইডি, ভোলা ।
৬. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ভোলা ।
৭.জেলা রেজিস্টার, ভোলা ।
৮. বিজ্ঞ সরকারি কৌঁসুলি, ভোলা।